

ঢাকা বিশ্ববিদ্যালয়
অতি জরুরী বিজ্ঞপ্তি

**২০১৭ সনের অনার্স পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের
আবেদন ও পূর্বে আবেদনকৃত শিক্ষার্থীদের তথ্য আপডেটের সময় বর্ধিতকরণ প্রসঙ্গে।**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নতুন চিঠির শর্তাবলী অনুযায়ী ২০১৭ সনের অনার্স পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের পূর্বের নামের তালিকা স্নাতকোত্তর বৃত্তি কমিটি কর্তৃক বাতিল করে সরকারি টেলেন্টপুল ও সরকারি সাধারণ বৃত্তির ক্ষেত্রে ৫০% ছেলে ও ৫০% মেয়েদের বৃত্তি প্রদানের নির্দেশ দেওয়া হয়েছে। মাউশি শর্তাবলী অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭ সনের অনার্স পরীক্ষার ফলাফলের উপর বৃত্তিপ্রাপ্ত (অনুষদ ভিত্তিক বিভাগ ওয়ারি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত সরকারি টেলেন্টপুল বৃত্তি ও সরকারি সাধারণ বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ২০১৭ সনের অনার্স বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের আবেদন এবং পূর্বে যারা আবেদন করেছেন তাদের তথ্য আপডেট করার সময় আগামী ১৪/০৩/২০২১ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত বর্ধিত করা হয়েছে। শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে বৃত্তির আবেদন ও তথ্য আপডেট করতে পারবে। অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে।

উল্লেখ্য, পূর্বে যে সকল শিক্ষার্থীরা ২০১৭ সনের অনার্স বৃত্তির জন্য অনলাইনে আবেদন করেছেন তারা উক্ত ওয়েব সাইটে গিয়ে Login করে Dashboard-থেকে View-তে ক্লিক করে edit Information-এ গিয়ে তাদের বৃত্তির তথ্য আপডেট (নতুন তালিকার ক্রমিক নম্বর ও মাস্টার্সের শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) করে অবশ্যই Submit করতে হবে।

২০১৭ সনের অনার্স পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) উক্ত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে গিয়ে বাধ্যতামূলক অনলাইনে আবেদন করতে হবে। উপরোক্ত নিয়ম অনুযায়ী আবেদন না করলে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না।

বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পন্ন ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট নম্বর থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব নয়। মোবাইল ব্যাংকিং, বিকাশ ও রকেট গ্রহণযোগ্য নয়।

জরুরী প্রয়োজনে (বৃত্তি সংক্রান্ত তথ্য) যোগাযোগের জন্য- ০১৭১১০৫৮৩৩৭

অনলাইনে আবেদন সংক্রান্ত সমস্যার জন্য- ০১৫৭১২৯৭৩৪২

(শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে সকাল-০৯.০০টা থেকে বিকাল-৫.০০টা পর্যন্ত)

স্বাক্ষরিত/-

(শিউলি আফহার)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখ: ২৪/১১/১৪২৭ বঙ্গাব্দ
২/৩/২০২১ খ্রিঃ

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/৪৬৭২৫-১৩৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।